

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

(সাম্মানিক)

(দ্বিতীয় ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-203

(আধুনিক বাংলা গদ্যসাহিত্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) স্বামী বিবেকানন্দ আমেরিকার কোন্ শহরে হিন্দুধর্ম সম্পর্কে বক্তৃতা দিয়েছিলেন? ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থে প্রবন্ধগুলি কোন্ সাময়িক পত্রে, কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? স্বামী বিবেকানন্দ প্রাচ্য ও পাশ্চাত্যের জীবনধারা ও আদর্শের যে তুলনা করেছেন, ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ প্রবন্ধ অনুসরণে তা সংক্ষেপে আলোচনা করো। $১+২+১১=১৪$

অথবা

- (খ) সন্ন্যাস গ্রহণের পূর্বে বিবেকানন্দের নাম কী ছিল? বিবেকানন্দের পিতা-মাতার নাম কী? ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থের অন্তর্গত ‘ধর্ম ও মোক্ষ’ প্রবন্ধটির মূল বক্তব্য সংক্ষেপে উপস্থাপন করো। $১+২+১১=১৪$

- ২। (ক) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধটি কত সালে লেখা? ‘স্বভাবকবি’ বলতে প্রাবন্ধিক কাদের বুঝিয়েছেন? ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধ অনুসরণে রবীন্দ্র-পরবর্তী কবিতার বিবর্তনে নজরুল ইসলাম, যতীন্দ্রনাথ সেনগুপ্ত এবং মোহিতলাল মজুমদারের ভূমিকা পর্যালোচনা করো।

$১+১+১২=১৪$

অথবা

- (খ) বুদ্ধদেব বসু সম্পাদিত পত্রিকাটির নাম লেখো। ‘সাহিত্য চর্চা’ প্রবন্ধগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ‘রামায়ণ’ প্রবন্ধটিতে রাম চরিত্রের যে মূল্যায়ন বুদ্ধদেব বসু করেছেন সে বিষয়ে আলোকপাত করো। $১+১+১২=১৪$

- ৩। (ক) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? তাঁর গদ্যরীতি কী নামে অভিহিত? “....আমাদের স্কুল-কলেজ ছেলেদের স্বশিক্ষিত হবার যে সুযোগ দেয় না শুধু তাই নয়, স্বশিক্ষিত হবার শক্তি পর্যন্ত নষ্ট করে।” ‘বইপড়া’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। $১+১+১২=১৪$

অথবা

- (খ) জয়দেবের লেখা বিখ্যাত কাব্যটির নাম কী? কবি জয়দেবের সময়ে বঙ্গদেশের রাজা কে ছিলেন? প্রমথ চৌধুরীর ‘জয়দেব’ প্রবন্ধটি অবলম্বনে জয়দেবের কবিকৃতির পরিচয় দাও। $১+১+১২=১৪$

(3)

8। সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দুটি) : ৪×২=৮

- (ক) বাংলা শিশুসাহিত্যে সুকুমার রায়
- (খ) প্রাবন্ধিক বুদ্ধদেব বসু
- (গ) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থের গদ্যরীতি
- (ঘ) ভারতচন্দ্রের কাব্যে হাস্যরস
